158484 - এমন কোন বেকারীতে চাকুরী করার হুকুম কি যে কোম্পানি নববর্ষ ও বিয়ের কেক প্রস্তুত করে?

প্রশ্ন

এমন কোন বেকারীতে চাকুরী করা জায়েয হবে কি যে কোম্পানি নববর্ষ ও বিয়ের কেক প্রস্তুত করে? এর ফলে আমি কি পাপ ও সীমা লঙ্ঘনের কাজে সহযোগিতাকারী হব? আল্লাহই ভাল জানেন।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

বিয়ে ও এ জাতীয় কোন শুভ অনুষ্ঠান উপলক্ষে মিষ্টান্ন ও উপহার সামগ্রী বিতরণ করতে কোন অসুবিধা নেই। কোন আপত্তি ছাড়া মুসলিম দেশগুলোতে এ জাতীয় অনুষ্ঠানের প্রচলন চলে আসছে। দেখুন: 134163 নং প্রশ্নোত্তর।

নববর্ষের কেক:

এ কেক উৎপাদনে কিংবা বিক্রয়ের ক্ষেত্রে সহযোগিতা করা নাজায়েয। কারণ এটি পাপ ও সীমা লঙ্ঘনের কাজে সহযোগিতা। কেননা নববর্ষের উৎসব কোন মুসলমানদের উৎসব নয়। তাই এ উৎসব উদযাপন করা জায়েয নেই এবং উদযাপনে সহযোগিতা করাও জায়েয নেই।

শাইখ ইবনে উছাইমীন (রহঃ) বলেন:

ক্রিসমাস কিংবা এ জাতীয় অন্য কোন ধর্মীয় উৎসব উপলক্ষে বিধর্মীদেরকে শুভেচ্ছা জানানো আলেমদের সর্বসম্মতিক্রমে হারাম। কারণ এ শুভেচ্ছা জানানোর মধ্যে তারা যে সব কুফরী নিদর্শনের উপরে রয়েছে সেগুলোর প্রতি মৌন স্বীকৃতি রয়েছে এবং ব্যক্তি নিজের জন্য এ কুফরের প্রতি সন্তুষ্ট না হলেও এ শুভেচ্ছা তাদের কুফরের প্রতি ব্যক্তির সন্তুষ্টির প্রকাশ। কেননা কোন মুসলমানের জন্য কুফরী নিদর্শনের প্রতি সন্তুষ্ট থাকা কিংবা সেটাকে উপলক্ষ করে অন্যকে শুভেচ্ছা জানানো হারাম। অনুরূপভাবে এ উপলক্ষকে কেন্দ্র করে মুসলমানেরা কাফেরদের সাদৃশ্য গ্রহণ করাও হারাম; যেমন- এ উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করা, উপহার বিনিময় করা, মিষ্টান্ন বিতরণ করা, খাবারের ডিস আদানপ্রদান করা, কর্ম বিরতি দেয়া ইত্যাদি। দলিল হচ্ছে- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: “যে ব্যক্তি কোন কওমের সাথে সাদৃশ্য গ্রহণ করবে সে তাদেরই দলভুক্ত”[সুনানে আবু দাউদ (৪০৩১), সংক্ষেপিত ও সমাপ্ত]

[মাজমুউ ফাতাওয়া ও রাসায়েলে ইবনে উছাইমীন (৩/৪৫-৪৬)]

আল্লাহই ভাল জানেন